পাঠ ১০

# আনন্দের দিন



## পাঠের মূলকথা

বেশির ভাগ শিক্ষার্থী লালবাগ কেল্লায় যেতে চায়। মিলি ঠিকমতো হাঁটতে না পারায় সে যেতে পারবে না বলে জানায়। অন্যরা তাকে সাহায্য করবে এবং তাকে নিয়ে যাবে বললে সে খুব খুশি হয়। খুশি আপা সবার মধ্যে দায়িত্ব ভাগ করে দিলেন। গাড়িতে সবাই আনন্দ করতে করতে লালবাগ কেল্লায় পৌছাল। খুশি আপার কথামতো সবাই ধীরে ধীরে নামল। খুশি আপার সঙ্গে ঘুরে ঘুরে সবাই লালবাগ কেল্লায় নানা কিছু দেখল। শিক্ষার্থীরা নোটবুকে যথাক্রমে মূল ফটক, ফুলের বাগান, পরিবিবির মাজার, তিন গম্বুজ মসজিদ, টিলা, পুকুর, দরবার হল, জাদুঘর, প্রাচীন আমলের পোশাক, প্রাচীন আমলের অস্ত্র, প্রাচীন আমলের মুদ্রা প্রভৃতির নাম লিখল। লালবাগ কেল্লা ঘুরে দেখিয়ে সবাইকে নিয়ে খুশি আপা কেল্লার মাঠে গোল হয়ে বসলেন। মিতু ও রাজু গান গেয়ে শোনায়। লালবাগ কেল্লায় ঘুরে খুব ভালো লেগেছে বলে শিক্ষার্থীরা খুশি আপাকে জানায়। ফিরে যাওয়ার জন্য সবাই সারি বেঁধে গাড়িতে উঠল। রাজু তালিকা দেখে সবার নাম মিলিয়ে নিল। তারপর গাড়ি রওয়ানা দিল। এভাবে ঘুরতে গিয়ে শিক্ষার্থীরা লালবাগ কেল্লা সম্পর্কে বাস্তব জ্ঞান অর্জন করল।

## শ্রেণিভিত্তিক অর্জনোপযোগী যোগ্যতা

পাঠ অনুশীলনের মধ্য দিয়ে আমি যে যোগ্যতা অর্জন করব—

১.১ প্রমিত উচ্চারণে বলা বাক্য ও শব্দে ব্যবহৃত বর্ণ, যুক্তবর্ণ, ফলাযুক্ত বর্ণের ধ্বনি মনোযোগ সহকারে শুনে শনাক্ত করতে পারা।
২.১ প্রমিত বাংলায় বলা প্রশ্ন, সাধারণ নির্দেশনা, অনুজ্ঞা, বিভিন্ন প্রেক্ষাপট নির্ভর ঘোষণা ও সংকেত শুনে বুঝতে পারা।
৩.১ ছবি/চিত্র বা ছক দেখে বর্ণনামূলক, তথ্যমূলক ও প্রতিবেদনমূলক রচনার পাঠ শুনে তথ্য, বিষয়বস্তু বুঝতে পারা।
৫.১ বিভিন্ন ধরনের শব্দে ব্যবহৃত যুক্তবর্ণ, ফলাযুক্ত বর্ণের ধ্বনি স্পষ্ট স্বরে প্রমিত উচ্চারণে বলতে পারা।
৫.২ যুক্তবর্ণ ও ফলাযোগে গঠিত শব্দ ও বিভিন্ন ধরনের বাংলা বাক্য প্রমিত উচ্চারণে বলতে পারা।
৯.১ যুক্তবর্ণ ও ফলাযুক্ত বর্ণে গঠিত শব্দ স্পষ্ট স্বরে শুদ্ধ ও প্রমিত উচ্চারণে পড়ে বুঝতে পারা।
১২.১ পাঠ্যপুস্তক ও সমমানের বইয়ের ছড়া, কবিতা, রূপকথা, গল্প বিরামচিহ্ন মেনে, প্রমিত উচ্চারণে পড়ে বুঝতে পারা এবং আনন্দ লাভ করা।
১৩.১ পাঠে ব্যবহৃত যুক্তবর্ণ, ফলা, ফলাযুক্ত বর্ণে গঠিত শব্দ এবং বিরামচিহ্ন (দাঁড়ি, কমা ও প্রশ্নবোধক) সহযোগে বিভিন্ন ধরনের বাক্য এবং শ্রুতলিপি স্পষ্ট ও সঠিক বানানে লিখতে পারা।
১৪.১ পরিচিত প্রেক্ষাপটে সাধারণ নির্দেশনা, প্রশ্ন, অনুজ্ঞাসূচক বাক্য, সংকেত, ঘোষণা, বিজ্ঞপ্তির বিষয় ও কথোপকথন বুঝে প্রমিত বাংলায় লিখতে পারা।
১৬.১ পাঠের অন্তর্ভুক্ত, ছড়া, কবিতা, রূপকথা, গল্প ও কবিতার অংশ দেখে বা না দেখে লিখতে পারা।
১৬.২ পাঠের অন্তর্ভুক্ত রূপকথা, গল্প ও কবিতার মূলভাব এবং নিজ অভিজ্ঞতা/ মতামত লিখে প্রকাশ করতে পারা।

## পিরিয়ড সংখ্যা : ৭

পিরিয়ড বিভাজন :

| | |
|---|---|
| পিরিয়ড-৩৫ | ঘণ্টা বাজাতেই ......... কোথায় যেতে পারি। |
| পিরিয়ড-৩৬ | তপু বলল, ........ হাঁটতে পারি না। |
| পিরিয়ড-৩৭ | আপা বলার ...... নোটবুক নিয়ে এসো। |
| পিরিয়ড-৩৮ | শনিবার সকালে ......... ধীরে নামতে বললেন। |

| | |
|---|---|
| পিরিয়ড-৩৯ | আপা ঘুরে ........... বললেন, কেমন লাগল। |
| পিরিয়ড-৪০ | সবাই একসাথে .......... খুব আনন্দে কাটল। |
| পিরিয়ড-৪১ | পুনরালোচনা |

[সূত্র : শিক্ষক সহায়িকা]

**বানান সতর্কতা** নিচের শব্দগুলোর সঠিক বানান জেনে নিই–

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ঘণ্টা | আনন্দ | স্কুল | ক্লাস | শিশুপার্ক | কেল্লা | শিক্ষার্থী | হাঁটতে | সাহায্য | দায়িত্ব |
| পোশাক | বেঁধে | গম্বুজ | অস্ত্র | মুদ্রা | প্রাচীন | | | | |

বাংলা

# ধারাবাহিক মূল্যায়ন

পাঠ্যবই ও শিক্ষক সহায়িকার সূত্র সংবলিত

প্রিয় শিক্ষার্থী বন্ধুরা, শিখনযোগ্যতা অর্জনোপযোগী পাঠ্যবইয়ের অ্যাক্টিভিটি ও গুরুত্বপূর্ণ নমুনা প্রশ্নোত্তর এ অংশে দেওয়া হলো। শিক্ষক সহায়িকায় উল্লিখিত মূল্যায়ন ক্ষেত্র ও নির্দেশনার আলোকে প্রণীত পাঠগুলো তোমাদের ধারাবাহিক মূল্যায়নে সহায়ক ভূমিকা পালন করবে।

## পাঠ্যবইয়ের অনুশীলনীর প্রশ্ন ও উত্তর

## ২ চলো, পারি কি না দেখি

### ১ শব্দ শিখি। ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ২৮

জাদুঘর, শিশুপার্ক, কেল্লা, দায়িত্ব, নোটবুক, ফটক, মাজার, গম্বুজ, টিলা, প্রাচীন, মুদ্রা।

**উত্তর :**

**জাদুঘর** — যেখানে ঐতিহাসিক গুরুত্বপূর্ণ জিনিস প্রদর্শনের জন্য রাখা হয়।
**শিশুপার্ক** — শিশুদের খেলার ও ঘোরার জায়গা।
**কেল্লা** — দুর্গ।
**দায়িত্ব** — কাজ।
**নোটবুক** — লেখার ছোটো খাতা।
**ফটক** — সদর দরজা।
**মাজার** — বিশেষ ব্যক্তির কবর।
**গম্বুজ** — গোলাকার ছাদ।
**টিলা** — উঁচু জায়গা।
**প্রাচীন** — পুরাতন।
**মুদ্রা** — ধাতুর তৈরি পয়সা।

### ২ বাক্য লিখি। ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ২৮

মতামত ..........
জাদুঘর ..........
নোটবকু ..........
প্রাচীন ..........
তালিকা ..........

**উত্তর :**

মতামত — খুশি আপা অন্যদের মতামতও জানতে চাইলেন।
জাদুঘর — আমরা আজ জাদুঘরে বেড়াতে যাব।
নোটবকু — সবাই নোটবুকে তালিকা লিখতে লাগল।
প্রাচীন — কেল্লায় রয়েছে প্রাচীন আমলের পোশাক, অস্ত্র ও মুদ্রা।
তালিকা — রাজু তালিকা দেখে সবার নাম মিলিয়ে নিল।

### ৩ যুক্তবর্ণ ভেঙে লিখি এবং নতুন শব্দ বানাই। ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ২৯

| | | | |
|---|---|---|---|
| কেল্লা | ল্ল | ল + ল | চল্লিশ, পাল্লা |
| ঘণ্টা | ণ্ট | ণ + ট | বণ্টন, নির্ঘণ্ট |
| গম্বুজ | ম্ব | ম + ব | লম্বা, সম্বল |
| আনন্দ | ন্দ | ন + দ | ছন্দ, মন্দ |
| ক্লাস | ক্ল | ক + ল | ক্লান্ত, ক্লেশ |
| দায়িত্ব | ত্ব | ত + ব | ত্বক, ঘনত্ব |
| মুদ্রা | দ্র | দ + র | ছিদ্র, ক্ষুদ্র |

### ৪ উত্তর বলি ও লিখি। ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ২৯

**প্রশ্ন ক. ক্লাসের সবাই হৈ হৈ করে উঠল কেন?**

**উত্তর :** ঘণ্টা বাজতেই শিক্ষিকা ক্লাসে এলেন এবং সকলকে খুশির খবর দিলেন যে, স্কুল থেকে ঘুরতে যাওয়া হবে। ক্লাসের সবাই তখন আনন্দে হৈ হৈ করে উঠল।

**প্রশ্ন খ. সবাই মিলে কোথায় যাবে ঠিক করল?**

**উত্তর :** সবাই মিলে লালবাগ কেল্লায় যাবে ঠিক করল।

**প্রশ্ন গ. আপা কী কী জিনিস সাথে নিতে বললেন?**

**উত্তর :** আপা পানি, কলম ও নোটবুক সাথে নিতে বললেন।

**প্রশ্ন ঘ. কাকে সবার নাম লিখে রাখার দায়িত্ব দেওয়া হয়েছিল?**

**উত্তর :** রাজুকে সবার নাম লিখে রাখার দায়িত্ব দেওয়া হয়েছিল।

### ৫ বিভিন্ন ধরনের বাক্য পড়ি ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ২৯

| | |
|---|---|
| আমাকে একটু পানি দাও। | অনুরোধ বাক্য |
| সবাই খাতা বের করো। | আদেশ বাক্য |
| ফুল ছিঁড় না। | নির্দেশ বাক্য |
| মানুষকে সাহায্য করবে। | উপদেশ বাক্য |

**৭ পরিকল্পনা করি।** ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ২৯

**সবাই মিলে কোথাও ঘুরতে যাওয়ার একটি পরিকল্পনা তৈরি করি।**

**উত্তর :** আমরা ক্লাসের বন্ধুরা মিলে ঢাকা চিড়িয়াখানা যাওয়ার সিদ্ধান্ত নিই। শিক্ষকরা আগামী মঙ্গলবার চিড়িয়াখানায় যাওয়ার দিন ঠিক করলেন এবং সবাইকে সকাল নয়টার মধ্যে বিদ্যালয়ে উপস্থিত হতে বললেন। সঙ্গে পানি, কলম, নোটবুক ও প্রয়োজনীয় ব্যক্তিগত জিনিসপত্র নিতে বললেন। শিক্ষকদের কাছে জানতে পারলাম, চিড়িয়াখানায় আমাদের জাতীয় পাখি, রয়েল বেঙ্গল টাইগার, সিংহ, লোনা পানির কুমির, ভালুক, গন্ডার, সারস, রাজহাঁস, ময়ূর, জিরাফ, অজগর, বানর, হনুমান, হরিণ, ইমপালাসহ অনেক প্রাণী রয়েছে। অসংখ্য প্রাণী একসাথে দেখতে পাবে জেনে খুশিতে সবাই আত্মহারা। শিক্ষকদের নির্দেশনামতো আমরা সকলে নির্ধারিত দিনে যাওয়ার জন্য প্রস্তুতি শুরু করলাম।

## শিক্ষক সহায়িকা অনুসরণে পিরিয়ডভিত্তিক অনুশীলন — শিখে নিই

**পিরিয়ড ৩৫ | ঘণ্টা বাজাতেই ......... কোথায় যেতে পারি।**

**প্রশ্ন ১. বিরামচিহ্ন বসিয়ে অনুচ্ছেদটি পুনরায় লেখ।**

ঘণ্টা বাজতেই ক্লাসে এলেন খুশি আপা বললেন তোমাদের জন্য আনন্দের খবর আছে আমরা স্কুল থেকে ঘুরতে যাব আপা বললেন আমরা তাহলে কোথায় যেতে পারি

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** ঘণ্টা বাজতেই ক্লাসে এলেন খুশি আপা। বললেন, তোমাদের জন্য আনন্দের খবর আছে। আমরা স্কুল থেকে ঘুরতে যাব। আপা বললেন, আমরা তাহলে কোথায় যেতে পারি?

**প্রশ্ন ২. নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।**

**ক. তোমরা কে কোথায় দর্শনীয় স্থান ভ্রমণ করেছ? তার নাম লেখ।** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** সুজন : আমি জাদুঘর ভ্রমণ করেছি।
সোহান : আমি শিশুপার্ক ভ্রমণ করেছি।
সবুজ : আমি পদ্মাসেতু ভ্রমণ করেছি।
শিউলি : আমি সিলেটের জাফলং ভ্রমণ করেছি।
সাথি : আমি কক্সবাজার সমুদ্র সৈকত ভ্রমণ করেছি।

**প্রশ্ন ৩. নিচের শব্দগুলো দিয়ে দুটি করে নতুন বাক্য তৈরি কর।**

ঘণ্টা, ক্লাস, আনন্দ, স্কুল। ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :**

| প্রদত্ত শব্দ | বাক্য |
|---|---|
| ঘণ্টা | ক. এক ঘণ্টা পর ক্লাস শুরু হবে। |
| | খ. খুশি আপা ঘণ্টা বাজতেই ক্লাসে এলেন। |
| ক্লাস | ক. সে সকাল আটটায় ক্লাসে প্রবেশ করল। |
| | খ. খুশি আপা ক্লাসে পড়াচ্ছেন। |
| আনন্দ | ক. তুলি বাঘ দেখে আনন্দ পেল। |
| | খ. আমরা ভ্রমণ করে আনন্দ পেয়েছি। |
| স্কুল | ক. সুমাইয়া স্কুলে যায়। |
| | খ. তুমি স্কুলে যাও। |

**প্রশ্ন ৪. লালবাগ কেল্লায় কী কী দেখেছ?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** লালবাগ কেল্লায় ফুলের বাগান, পরিবিবির মাজার, তিন গম্বুজ মসজিদ ইত্যাদি দেখা যায়।

**প্রশ্ন ৫. ছবি দেখে প্রশ্নেগুলোর উত্তর দাও।**

▸ সূত্র : শিক্ষক সহায়িকা



**প্রশ্ন ক. ছবিতে কী দেখা যায়?**

**উত্তর :** ছবিতে শিক্ষক ও শিক্ষার্থীদের দেখা যায়।

**প্রশ্ন খ. ছবিতে কে কথা বলছেন?**

**উত্তর :** ছবিতে খুশি আপা কথা বলছেন।

**প্রশ্ন গ. তিনি কী বিষয় নিয়ে কথা বলছেন?**

**উত্তর :** তিনি লালবাগ কেল্লায় ভ্রমণ সম্পর্কে কথা বলছেন।

**পিরিয়ড ৩৬ | তপু বলল, ........ হাঁটতে পারি না।**

**প্রশ্ন ৬. বিরামচিহ্ন ব্যবহার করে বাক্য লেখ।**

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

| বিরামচিহ্ন | বাক্য |
|---|---|
| দাঁড়ি | |
| কমা | |
| প্রশ্নবোধক | |
| বিস্ময়সূচক | |

উত্তর :

| বিরামচিহ্ন | বাক্য |
|---|---|
| দাঁড়ি | খুশি আপা অন্যদের মতামতও জানতে চাইলেন। |
| কমা | তপু বলল, আমরা জাদুঘরে যেতে পারি। |
| প্রশ্নবোধক | আমরা তাহলে কোথায় যেতে পারি? |
| বিস্ময়সূচক | মিলি বলল, আপা, আমি তো যেতে পারব না! |

**প্রশ্ন ৭. আনন্দের খবর কে দিয়েছেন?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

উত্তর : খুশি আপা আনন্দের খবর দিয়েছেন।

**প্রশ্ন ৮. যুক্তবর্ণ দিয়ে শব্দ গঠন কর।** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

| প্রদত্ত শব্দ | যুক্তবর্ণ | শব্দ |
|---|---|---|
| কেল্লা | ল্ল | বল্লম, পাল্লা, কাঁচাগোল্লা |
| স্কুল | | |
| উজ্জ্বল | | |
| আনন্দ | | |

উত্তর :

| প্রদত্ত শব্দ | যুক্তবর্ণ | নতুন শব্দ |
|---|---|---|
| কেল্লা | ল্ল | বল্লম, পাল্লা, কাঁচাগোল্লা |
| স্কুল | স্ক | পুরস্কার, তিরস্কার |
| উজ্জ্বল | জ্জ্ব | সমুজ্জ্বল, রৌদ্রোজ্জ্বল |
| আনন্দ | ন্দ | নিন্দা, বন্দি, আন্দাজ, আন্দোলন, বান্দা |

**পিরিয়ড ৩৭** আপা বলার ...... নোটবুক নিয়ে এসো।

**প্রশ্ন ৯. যুক্তবর্ণ বা যুক্তশব্দ দিয়ে দুটি নির্দেশনামূলক বাক্য লেখ।**

উত্তর : ক. আগামীকাল স্কুলে যেও।

খ. বিজ্ঞপ্তিটি পড়ে নিও।

**প্রশ্ন ১০. কোথায় কোথায় যাওয়ার প্রস্তাব করা হয়েছিল?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

উত্তর : ক. লালবাগ কেল্লা, খ. জাদুঘর, গ. শিশুপার্কে যাওয়ার প্রস্তাব করা হয়েছিল।

**প্রশ্ন ১১. লালবাগ কেল্লায় যাওয়ার কথা কে বলেছিল?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

উত্তর : লালবাগ কেল্লায় যাওয়ার কথা তুলি বলেছিল।

**প্রশ্ন ১২. নিচের অনুচ্ছেদ থেকে যুক্তবর্ণ ও ফলাযুক্ত যুক্তবর্ণযোগে গঠিত শব্দ শনাক্ত কর।**

এক রাজপুত্র। নাম ডালিমকুমার। তার ছিল পঙ্খিরাজ ঘোড়া। ঘোড়ায় চড়ে সে দেশ-বিদেশ ঘোরে। একবার ঘুরতে ঘুরতে চলে এলো অচিনপুরে। ক্লান্ত রাজপুত্র গাছের শ্যামল ছায়ায় ঘুমিয়ে পড়ল। ওই গাছে থাকে ব্যাঙ্গমা আর ব্যাঙ্গমি। তারা কথা বলছিল। ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

উত্তর : যুক্তবর্ণ ও ফলাযুক্তযোগে গঠিত শব্দ : ক. পঙ্খিরাজ, খ. রাজপুত্র, গ. ক্লান্ত, ঘ. শ্যামল, ঙ. ব্যাঙ্গমা, চ. ব্যাঙ্গমি।

**পিরিয়ড ৩৮** শনিবার সকালে ... ধীরে নামতে বললেন।

**প্রশ্ন ১৩. নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।**

**প্রশ্ন ক. লালবাগ কেল্লা কোথায়?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

উত্তর : লালবাগ কেল্লা ঢাকার দক্ষিণ-পশ্চিমাঞ্চলে বুড়িগঙ্গা নদীর তীরে অবস্থিত।

**প্রশ্ন খ. কে ঠিকমতো হাঁটতে পারে না?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

উত্তর : মিলি ঠিকমতো হাঁটতে পারে না।

**প্রশ্ন ১৪. অনুরোধজ্ঞাপক দুটি বাক্য লেখ।** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

উত্তর : ক. আমাকে গাড়িতে উঠতে সাহায্য কর।

খ. দয়া করে কলমটা দেবে।

**প্রশ্ন ১৫. বিরামচিহ্ন বসিয়ে বাক্য লেখ।**

| | |
|---|---|
| দাঁড়ি (।) | ক.<br>খ. |
| কমা (,) | ক.<br>খ. |
| প্রশ্নবোধক (?) | ক.<br>খ. |
| বিস্ময়সূচক (!) | ক.<br>খ. |

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

উত্তর :

| | |
|---|---|
| দাঁড়ি (।) | ক. শনিবার সবাই স্কুলে জড়ো হলো।<br>খ. গাড়ি ছাড়ল। |
| কমা (,) | ক. পানি, কলম ও নোটবুক নিয়ে এসো।<br>খ. রাজু, তুলি ও মিলি স্কুলে গেল। |
| প্রশ্নবোধক (?) | ক. লালবাগ কেল্লা কোথায় অবস্থিত?<br>খ. তুলি কি লালবাগ কেল্লা দেখেছ? |
| বিস্ময়সূচক (!) | ক. কতই না সুন্দর লালবাগ কেল্লা!<br>খ. কী চমৎকার ফুল বাগান! |

**পিরিয়ড ৩৯ | আপা ঘুরে ..... বললেন, কেমন লাগল।**

**প্রশ্ন ১৬. কেল্লা দেখার পর সবার কেমন লেগেছিল?**

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** কেল্লা দেখার পর সবার খুব ভালো লেগেছিল।

**প্রশ্ন ১৭. দুটি আদেশমূলক ও নির্দেশমূলক বাক্য লেখ।**

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :**

**আদেশমূলক বাক্য :** ক. আমাকে একটু হাঁটতে সাহায্য কর।
খ. সবাই তাড়াতাড়ি তৈরি হয়ে নাও।


**নির্দেশমূলক বাক্য :** ক. ফুল ছেঁড়া নিষেধ।
খ. গরিব লোকদের সাহায্য করবে।

**প্রশ্ন ১৮. লালবাগ কেল্লা সম্পর্কে দুটি বাক্য বল।**

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** ক. লালবাগ কেল্লা ঢাকায় অবস্থিত।
খ. লালবাগ কেল্লা ইতিহাস ও ঐতিহ্যের ধারক।

**প্রশ্ন ১৯. ছবি দেখে প্রশ্নেগুলোর উত্তর দাও।** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা



**প্রশ্ন ক. এটি কীসের ছবি?**

**উত্তর :** এটি লালবাগ কেল্লার ছবি।

**প্রশ্ন খ. কেল্লার সামনে ফুলের বাগানের সাইনবোর্ডে কী লেখা আছে?**

**উত্তর :** কেল্লার সামনে ফুলের বাগানের সাইনবোর্ডে 'ফুল ছেঁড়া নিষেধ' লেখা আছে।

**প্রশ্ন গ. কেল্লার মধ্যে কী কী আছে?**

**উত্তর :** কেল্লার মধ্যে আছে– ক. মূল ফটক, খ. ফুলের বাগান, গ. পরিবিবির মাজার, ঘ. তিন গম্বুজ মসজিদ, ঙ. টিলা, চ. পুকুর, ছ. দরবার হল, জ. জাদুঘর, ঝ. প্রাচীন আমলের পোশাক, ঞ. প্রাচীন আমলের মুদ্রা, ট. প্রাচীন আমলের অস্ত্র।

**পিরিয়ড ৪০ | সবাই একসাথে ........ খুব আনন্দে কাটল।**

**প্রশ্ন ২০. চারটি অনুরোধজ্ঞাপক বাক্য লেখ।** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :**

ক. আমাকে একটু পানি দাও।
খ. দরজাটা একটু বন্ধ করে দেবে।
গ. অনুগ্রহ করে আমাকে বসতে দেবে।
ঘ. তোমার কলমটি আমাকে অল্প সময়ের জন্য দাও।

**প্রশ্ন ২১. সম্বোধনসহ অনুরোধমূলক ও সৌজন্যমূলক বাক্য লেখ।**

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :**

**সম্বোধনসহ অনুরোধমূলক বাক্য :**

ক. স্যার, অনুগ্রহ করে আমাকে বসতে দিবেন।
খ. বাবা, আমার জন্য দুই হাজার টাকা পাঠাবে।

**সম্বোধনসহ সৌজন্যমূলক বাক্য :**

ক. মা, তুমি কেমন আছ?
খ. ভাইয়া, বাড়ির সবাই কেমন আছে?

**প্রশ্ন ২২. লালবাগ কেল্লায় শিক্ষার্থীরা কী কী দেখেছিল?**

**উত্তর :** লালবাগ কেল্লায় শিক্ষার্থীরা দেখেছিল– মূল ফটক, ফুলের বাগান, পরিবিবির মাজার, তিন গম্বুজ মসজিদ, টিলা, পুকুর, দরবার হল, জাদুঘর, প্রাচীন আমলের পোশাক, অস্ত্র ও মুদ্রা।

**পিরিয়ড ৪১ | পুনরালোচনা**

**প্রশ্ন ২৩. লালবাগ কেল্লা সম্পর্কে পাঁচটি বাক্য লেখ।**

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** লালবাগ কেল্লা সম্পর্কে পাঁচটি বাক্য–

ক. লালবাগ কেল্লা ঢাকার বুড়িগঙ্গা নদীর তীরে অবস্থিত।
খ. লালবাগ কেল্লায় পরিবিবির মাজার আছে।
গ. লালবাগ কেল্লায় প্রাচীনকালের পোশাক, অস্ত্র ও মুদ্রা আছে।
ঘ. লালবাগ কেল্লা ইতিহাস ও ঐতিহ্যের ধারক।
ঙ. লালবাগ কেল্লা অন্যতম দর্শনীয় স্থান।

**প্রশ্ন ২৪. 'আনন্দের দিন' গল্পে কার কার নাম উল্লেখ আছে?**

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** 'আনন্দের দিন' গল্পে তপু, মিলি ও তুলির নাম উল্লেখ আছে।

**প্রশ্ন ২৫. বাম পাশের শব্দগুলোর সাথে ডান পাশের শব্দগুলো মিল করে লেখ।**

| বাম | ডান |
|---|---|
| ক. ঠিক হলো পরের | আসতে হবে। |
| খ. গাড়িতে সবাই অনেক | মিলিকে নিয়ে। |
| গ. স্কুলের পোশাক পরে | শনিবার যাওয়া হবে। |
| ঘ. তুলি গাড়িতে উঠল | আনন্দ করল। |

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :**

ক. ঠিক হলো পরের শনিবার যাওয়া হবে।
খ. গাড়িতে সবাই অনেক আনন্দ করল।
গ. স্কুলের পোশাক পরে আসতে হবে।
ঘ. তুলি গাড়িতে উঠল মিলিকে নিয়ে।

## মূল্যায়ন নির্দেশনা অনুসরণে বিশেষ পাঠ — সেরা প্রস্তুতির জন্য শিখে নিই

### শোনা — শিক্ষকের নিকট শুনে লিখি

**প্রশ্ন ১. নিচের শব্দগুলোর অর্থ লেখ।**

খবর, আনন্দ, হৈ হৈ, জড়ো, সারি বাঁধা, দরবার, আমল, মাঠ, রওনা।

**উত্তর :**

| | | |
|---|---|---|
| খবর | — | সংবাদ, তথ্য। |
| আনন্দ | — | খুশি, হর্ষ, সুখ। |
| হৈ হৈ | — | হাসিখুশি ভাব, আমোদ-প্রমোদ। |
| জড়ো | — | একত্রিত। |
| সারি বাঁধা | — | শ্রেণিবন্ধ করা বা হওয়া। |
| দরবার | — | রাজসভা, বিচারসভা। |
| আমল | — | সময়, যুগ, কাল। |
| মাঠ | — | ময়দান, খেলার জন্য নির্দিষ্ট স্থান। |
| রওনা | — | যাত্রা, গমন। |

**প্রশ্ন ২. নিচের ঘটনায় নতুন নতুন কী কী দেখতে পেলে তা লেখ।**

ঘটনা

ঘণ্টা বাজতেই ক্লাসে এলেন খুশি আপা। বললেন, তোমাদের জন্য আনন্দের খবর আছে। আমরা স্কুল থেকে ঘুরতে যাব। অতঃপর সবার মতামত নিয়ে লালবাগ কেল্লায় যাওয়ার সিদ্ধান্ত হলো। আমরা লালবাগ কেল্লায় পৌছালে, খুশি আপা আমাদের সবকিছু ঘুরে ঘুরে দেখালেন। সেখানে আছে আকর্ষণীয় মূল ফটক, ফুলের বাগান, পরিবিবির মাজার, তিন গম্বুজ মসজিদ, জাদুঘর, পুকুর, টিলা, দরবার হলসহ আরও অনেক কিছু।

**উত্তর :** উপরের ঘটনায় নতুন যা দেখতে পেলাম তা হলো—

ক. আকর্ষণীয় মূল ফটক, খ. পরিবিবির মাজার, গ. তিন গম্বুজ মসজিদ, ঘ. জাদুঘর, ঙ. দরবার হল।

### বলা — শিক্ষকের প্রশ্নের উত্তর বলি

**প্রশ্ন ৩. পরিবিবির মাজার কোথায় অবস্থিত?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** পরিবিবির মাজার লালবাগ কেল্লায় অবস্থিত।

**প্রশ্ন ৪. ক্লাসের সবাই কী করেছিল?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** ক্লাসের সবাই আনন্দে হৈ হৈ করে উঠেছিল।

**প্রশ্ন ৫. কোন দিন যাওয়ার জন্য ঠিক করা হয়েছিল?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** শনিবার যাওয়ার জন্য ঠিক করা হয়েছিল।

**প্রশ্ন ৬. দায়িত্ব ভাগ কে করেছিলেন?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** খুশি আপা ঘুরতে যাওয়ার দায়িত্ব ভাগ করে দিয়েছিলেন।

**প্রশ্ন ৭. কেন লালবাগ কেল্লায় যাওয়ার সিদ্ধান্ত হয়েছিল?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** বেশির ভাগ শিক্ষার্থী লালবাগ কেল্লায় যেতে চেয়েছিল, তাই সেখানে যাওয়ার সিদ্ধান্ত হয়েছিল।

**প্রশ্ন ৮. 'আনন্দের দিন' গল্পে শিক্ষিকার নাম কী?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** 'আনন্দের দিন' গল্পে শিক্ষিকার নাম খুশি।

**প্রশ্ন ৯. মিলিকে কে সাহায্য করার কথা বলেছিল?**

**উত্তর :** তুলি মিলিকে সাহায্য করার কথা বলেছিল। ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**প্রশ্ন ১০. খুশি আপা রাজুকে কী বললেন?**

**উত্তর :** খুশি আপা রাজুকে সবার নাম লিখে রাখতে বললেন।

**প্রশ্ন ১১. 'আনন্দের দিন' গল্পের কোন ঘটনা তোমার সবচেয়ে ভালো লেগেছে?**

**উত্তর :** লালবাগ কেল্লায় ঘুরতে যাওয়ার সময় তুলি ঠিকমতো হাঁটতে না পারা মিলিকে নিয়ে গাড়িতে উঠল। অন্যরাও সাহায্য করল। এটিই আমার সবচেয়ে ভালো লেগেছে।

### পড়া — নিচের প্রশ্নগুলোর উত্তর দিই

**প্রশ্ন ১২. ঠিক উত্তরটি বাছাই করে লেখ।**

ক. **স্কুলের শিক্ষার্থীরা কোথায় বেড়াতে গিয়েছিল?**
ক. লালবাগ কেল্লা  খ. শিশুপার্ক
গ. জাতীয় স্মৃতিসৌধ  ঘ. জাতীয় জাদুঘর
**উত্তর :** ক. লালবাগ কেল্লা।

খ. **লালবাগ কেল্লায় কী বারে ঘুরতে গিয়েছিল?**
ক. রবিবারে  খ. সোমবারে
গ. শনিবারে  ঘ. বুধবারে
**উত্তর :** গ. শনিবারে।

গ. **বেশির ভাগ শিক্ষার্থী কোথায় যাওয়ার প্রস্তাব করেছিল?**
ক. জাতীয় জাদুঘর  খ. লালবাগ কেল্লা
গ. শিশুপার্ক  ঘ. চিড়িয়াখানা
**উত্তর :** খ. লালবাগ কেল্লা।

**প্রশ্ন ১৩. নিচের শব্দগুলোর সমার্থক শব্দ লেখ।**

আনন্দ, পানি, খবর, ফুল, আমল।

**উত্তর :**

| প্রদত্ত শব্দ | সমার্থক শব্দ |
|---|---|
| আনন্দ | খুশি, হর্ষ, প্রফুল্ল |
| পানি | জল, বারি |
| খবর | সংবাদ, তথ্য |
| ফুল | পুষ্প, কুসুম |
| আমল | সময়, যুগ |

**প্রশ্ন ১৪. নিচে শব্দগুলো থেকে যুক্তবর্ণযুক্ত শব্দ চিহ্নিত কর।**

সন্ধ্যা, আঁধার, খেঁকশেয়াল, যুক্ত, কেল্লা, মেজাজ, শিক্ষার্থী, আমার, সারাদিন, আঙুর, ক্ষুধা, বাড়ছে, ধীরে, আনন্দ, ঘুরতে, আম্মা

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** সন্ধ্যা, যুক্ত, কেল্লা, শিক্ষার্থী, ক্ষুধা, আনন্দ, আম্মা।

**লেখা** নিচের প্রশ্নগুলোর উত্তর লিখি

**প্রশ্ন ১৫. নিচে প্রদত্ত যুক্তবর্ণ ও ফলাযুক্ত বর্ণ দিয়ে নতুন নতুন শব্দ গঠন কর।**

| প্রদত্ত শব্দ | যুক্তবর্ণ | ফলাযুক্ত বর্ণ | ফলাযুক্ত শব্দ |
|---|---|---|---|
| গম্বুজ | ম্ব | ম + ব | লম্বা, চুম্বক, অম্বর। |
| মুদ্রা | | | |
| ক্লাস | | | |
| দায়িত্ব | | | |

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :**

| প্রদত্ত শব্দ | যুক্তবর্ণ | ফলাযুক্ত বর্ণ | ফলাযুক্ত শব্দ |
|---|---|---|---|
| গম্বুজ | ম্ব | ম + ব | লম্বা, চুম্বক, অম্বর। |
| মুদ্রা | দ্র | দ +্র (র-ফলা) | মুদ্রা, ভদ্র, তন্দ্রা। |
| ক্লাস | ক্ল | ক + ল | ক্লান্ত, ক্লীব, ক্লেশ। |
| দায়িত্ব | ত্ব | ত + ব | ত্বক, গুরুত্ব, স্থায়িত্ব। |

**প্রশ্ন ১৬. বাম পাশ থেকে শব্দ নিয়ে খালি জায়গায় বসাও।**

| বাম | ডান |
|---|---|
| রওনা | লালবাগ কেল্লা ....... শেষ হলো |
| গাড়িতে | গাড়ি আবার ........ হলো। |
| দেখা | সবাই সারি বেঁধে ........ উঠল। |
| হাঁটতে | আমি ঠিকমতো ...... পারি না। |

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** লালবাগ কেল্লা দেখা শেষ হলো
গাড়ি আবার রওনা হলো।
সবাই সারি বেঁধে গাড়িতে উঠল।
আমি ঠিকমতো হাঁটতে পারি না।

## শিক্ষক/ অভিভাবক কর্তৃক মূল্যায়ন — নির্দেশনা ছকের আলোকে শিক্ষার্থীর অগ্রগতি যাচাই

শিক্ষার্থীর শিখন/পাঠ সম্পন্ন হওয়ার পর শিক্ষক/অভিভাবকগণ নিচের 'পাঠোত্তর মূল্যায়ন ও নির্দেশনা ছক' ব্যবহার করে মূল্যায়নের জন্য প্রযোজ্য স্থানে টিক (✓) চিহ্ন প্রদান করে অগ্রগতি যাচাই করবেন। কোনো শিখনযোগ্যতা/নির্দেশকের ক্ষেত্রে অগ্রগতি সন্তোষজনক না হলে তা পুনরায় অনুশীলনের উদ্যোগ নিতে হবে।

| শিখনযোগ্যতা/ পারদর্শিতার সূচক | সাহায্য প্রয়োজন | ভালো | উত্তম |
|---|---|---|---|
| যুক্তবর্ণযোগে গঠিত শব্দ শনাক্ত করতে পেরেছে। | | | |
| সহজ অনুচ্ছেদ পড়ে বুঝতে পেরেছে। | | | |
| বিরামচিহ্ন মেনে বিভিন্ন ধরনের বাক্য স্পষ্ট ও শুদ্ধ উচ্চারণে পড়তে পেরেছে। | | | |
| দাঁড়ি, কমা ও প্রশ্নবোধক, বিস্ময়সূচক বিরামচিহ্ন ব্যবহার করে বিভিন্ন ধরনের বাক্য লিখতে পেরেছে। | | | |
| প্রশ্নের উত্তর লিখেতে পেরেছে। | | | |
| শুদ্ধভাবে বাক্য বলতে পেরেছে। | | | |
| যুক্তব্যঞ্জন বর্ণ ভেঙে লিখতে পেরেছে। | | | |
| পাঠের অনুচ্ছেদ শুনে শুনে লিখতে পেরেছে। | | | |
| যুক্তবর্ণ ও ফলাযুক্ত বর্ণে গঠিত শব্দ লিখতে পেরেছে। | | | |
| আদেশ নির্দেশমূলক বাক্য প্রমিত বাংলায় লিখতে পেরেছে। | | | |
| অনুরোধজ্ঞাপক বাক্য শুনে সাড়া দিতে পেরেছে। | | | |
| যুক্তবর্ণ ও ফলাযুক্ত বিভিন্ন ধরনের শব্দ স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পেরেছে। | | | |
| গল্প পড়ে ধারাবাহিকতা রক্ষা করে গল্পের ঘটনা বলতে পেরেছে। | | | |
| সম্বোধনসহ অনুরোধমূলক ও সৌজন্যমূলক বাক্য লিখতে পেরেছে। | | | |
| গল্প শুনে প্রশ্নের উত্তর লিখতে পারছে। | | | |

## ধারাবাহিক/শ্রেণিকক্ষভিত্তিক মূল্যায়ন — নিজেকে মূল্যায়ন করি

তারিখ : ☐ **ধারাবাহিক মূল্যায়ন** সময় :..............

শিক্ষার্থীর নাম :...................... শ্রেণি :...................... রোল নম্বর : ☐

**১। নিচের শব্দগুলোর অর্থ লেখ।**

জাদুঘর, শিশুপার্ক, কেল্লা, দায়িত্ব, নোটবুক, ফটক, মাজার।

**২। নিচের শব্দগুলোর যুক্তবর্ণ ভেঙে লেখ।**


কেল্লা, ঘণ্টা, গম্বুজ, আনন্দ, ক্লাস, দায়িত্ব, মুদ্রা

**৩। নিচের ঘটনায় নতুন নতুন কী কী দেখতে পেলে তা লেখ।**

**ঘটনা**

ঘণ্টা বাজতেই ক্লাসে এলেন খুশি আপা। বললেন, তোমাদের জন্য আনন্দের খবর আছে। আমরা স্কুল থেকে ঘুরতে যাব। অতঃপর সবার মতামত নিয়ে লালবাগ কেল্লায় যাওয়ার সিদ্ধান্ত হলো। আমরা লালবাগ কেল্লায় পৌছালে, খুশি আপা আমাদের সবকিছু ঘুরে ঘুরে দেখালেন। সেখানে আছে আকর্ষণীয় মূল ফটক, ফুলের বাগান, পরিবিবির মাজার, তিন গম্বুজ মসজিদ, জাদুঘর, পুকুর, টিলা, দরবার হলসহ আরও অনেক কিছু।

**৪। ছবি দেখে প্রশ্নেগুলোর উত্তর দাও।**



ক. এটি কীসের ছবি?

খ. কেল্লার সামনে ফুলের বাগানের সাইনবোর্ডে কী লেখা আছে?

গ. কেল্লার মধ্যে কী কী আছে?

## উত্তরমালা

**১ ▸**

**জাদুঘর** — যেখানে ঐতিহাসিক গুরুত্বপূর্ণ জিনিস প্রদর্শনের জন্য রাখা হয়।

**শিশুপার্ক** — শিশুদের খেলার ও ঘোরার জায়গা।

**কেল্লা** — দুর্গ।

**দায়িত্ব** — কাজ।

**নোটবুক** — লেখার ছোটো খাতা।

**ফটক** — সদর দরজা।

**মাজার** — বিশেষ ব্যক্তির কবর।

**২ ▸**

| | | | |
|---|---|---|---|
| কেল্লা | ল্ল | ল + ল | চল্লিশ, পাল্লা |
| ঘণ্টা | ণ্ট | ণ + ট | বণ্টন, নির্ঘণ্ট |
| গম্বুজ | ম্ব | ম + ব | লম্বা, সম্বল |
| আনন্দ | ন্দ | ন + দ | ছন্দ, মন্দ |
| ক্লাস | ক্ল | ক + ল | ক্লান্ত, ক্লেশ |
| দায়িত্ব | ত্ব | ত + ব | ত্বক, ঘনত্ব |
| মুদ্রা | দ্র | দ + র | ছিদ্র, ক্ষুদ্র |

**৩ ▸** উপরের ঘটনায় নতুন যা দেখতে পেলাম তা হলো–

ক. আকর্ষণীয় মূল ফটক,

খ. পরিবিবির মাজার,

গ. তিন গম্বুজ মসজিদ,

ঘ. জাদুঘর,

ঙ. দরবার হল।

**৪ ▸** ক. এটি লালবাগ কেল্লার ছবি।

খ. কেল্লার সামনে ফুলের বাগানের সাইনবোর্ডে 'ফুল ছেঁড়া নিষেধ' লেখা আছে।

গ. কেল্লার মধ্যে আছে— মূল ফটক, ফুলের বাগান, পরিবিবির মাজার, তিন গম্বুজ মসজিদ, টিলা, পুকুর, দরবার হল, জাদুঘর, প্রাচীন আমলের পোশাক, প্রাচীন আমলের মুদ্রা, প্রাচীন আমলের অস্ত্র।

মূল্যায়ন রিপোর্ট : শিখনের অর্জিত মাত্রা ☐